

প্রেস রিলিজ

লালমনিরহাটে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক লালমনিরহাট সদর উপজেলায় মাদকবিরোধী অভিযানে ৩০ (ত্রিশ) কেজি গাঁজাসহ (এক) মাদক ব্যবসায়ী গ্রেফতার।

=====

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করে আসছে। মাদকদ্রব্য উদ্ধার ও মাদক ব্যবসায়ী গ্রেফতারসহ নেশার মরণ ছোবল থেকে তরুণ সমাজকে রক্ষার জন্য লালমনিরহাট জেলায় জোরালো তৎপরতা অব্যাহত আছে। এই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে সহকারী পরিচালক মহোদয়ের সার্বিক নির্দেশনায় উপ-পরিদর্শক জনাব মোঃ জুয়েল ইসলামের নেতৃত্বে একটি বিশেষ টিম লালমনিরহাট পৌরসভার টিএন্ডটি মোড় এলাকায় অভিযান চালিয়ে একজন আসামীকে ৩০ (ত্রিশ) কেজি গাঁজাসহ গ্রেফতার করে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, গ্রেফতারকৃত ব্যক্তির নাম সোহেল রানা (২৯), সে রাজশাহী জেলার চারঘাট থানার ভায়ালক্ষ্মীপুর ইউনিয়নের মজিবর রহমানের পুত্র। সে দীর্ঘদিন যাবত সীমান্তবর্তী এলাকা থেকে মাদকদ্রব্য দেশের বিভিন্ন স্থানে সরবরাহ/বিক্রয় করে আসছে।

আসামীকে জিজ্ঞাসাবাদে আরো বেশ কিছু তথ্য উপাত্ত পাওয়া গেছে যেগুলো বিশ্লেষণ করে এই নেটওয়ার্কের সংশ্লিষ্টদের বিরুদ্ধে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত ২০২০) মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট কর্তৃক আগামীতে এধরনের অভিযান অব্যাহত থাকবে। মাদকমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত মাদকের বিরুদ্ধে “শূন্য সহিষ্ণুতা” নীতি বাস্তবায়নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বদ্ধপরিকর।



সহকারী পরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, লালমনিরহাট